গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
www.sreemangal.moulvibazar.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৫৮৮৩.০০০.০০৫.০২.০০০১.২৫.৩৪২

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২ / ০৬ এপ্রিল ২০২৬

## সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে ম্যানুয়াল আবেদন বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০২/১৪৩৩-১৪৩৫

এতদ্দ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্যজীবী সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবী যদি থাকে) সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শ্রীমঙ্গল উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত অনূর্ধ্ব ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ ১৪৩৩-১৪৩৫ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের ২৪.০২.২০২৬ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫.১০৮ নং স্মারকের নির্দেশমতে নিম্নোক্ত শর্তে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে। এ বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল বিক্রয়, দাখিল এবং খোলার সময়সূচি:**

| পর্যায় ক্রম | জলমহাল ইজারা সিডিউল/আবেদন বিক্রির শেষ তারিখ ও সময় | প্রয়োজনীয় কাগজাদিসহ সিডিউল/আবেদন দাখিলের তারিখ ও শেষ সময় | সিডিউল খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৩.০৪.২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৬.০৪.২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা | ২৬.০৪.২৬ খ্রি. দুপুর ০২.০০ ঘটিকা | ১ম পর্যায়ে যদি কোন জলমহালের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ২য় পর্যায়ে উক্ত জলমহালের নাম ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ যাবে। এভাবে ৩য় পর্যায় পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলবে এবং এ জন্য নতুন কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। |
| ২য় | ১৪.০৫.২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৭.০৫.২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা | ১৭.০৫.২০২৬ দুপুর ০২.০০ ঘটিকা | |
| ৩য় | ০৯.০৬.২০২৬ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০.০৬.২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা | ১০.০৬.২০২৬ দুপুর ০২.০০ ঘটিকা | |

### ইজারা বন্দোবস্তযোগ্য জলমহালের তালিকা

| ক্রম | জলমহালের নাম | মৌজা/জেএল নং | দাগ নং | আয়তন (একর) | বিগত ৩ সনের গড় রাজস্ব | ৫% বর্ধিত হারে সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | কাটাখালি দলপ্যাঁচ | শ্রীমঙ্গল-৪২ | ৩৬০ | ০.৩৬ | ১৪৭৫.০০ | ১৫৪৯.০০ | -- |
| ২. | শালদিঘা বিল | হাজিপুর-৪৬ | ৭৪৪/৮১৬ | ১.৬৪ | -- | -- | ১০৬৯২/২০১৪ রীট মামলাভূক্ত |
| ৩. | কাটাকালেঙ্গা-সিংজালিয়া বিল (কালাপুর অংশ) | হবিবপুর-৪৫ | ১২, ৮০১, ২৮১ ১৬০, ৮১৩, ৮৪৯ | ৮.৩৭ | ১৬৪০৯.০০ | ১৭২২৯.০০ | -- |
| ৪. | কাড়ার পশ্চিমের বেরী (বদ্ধ) | হাইলহাওর | ৫৫২, ৫৫৯ | ২.৯৮ | ১৪৮১.০০ | ১৫৫৫.০০ | |
| ৫. | ডিবির কাড়া | হবিবপুর-৪৫ | ২৫৩ | ১.৩৫ | ২৫৫৩২.০০ | ২৬৮০৯.০০ | -- |
| ৬. | কুঞ্জবেরী বিল | লইয়ারকুল | ৯ | ২.৫০ | ৭৭৭০.০০ | ৮১৫৯.০০ | -- |
| ৭. | উদগাই বিল (বদ্ধ) | বরুনা | ১৩৬ | ৭.৯৩ | ১৩৪১.০০ | ১৪০৮.০০ | -- |
| ৮. | বড়গাংগিনা খাল (বদ্ধ) | হাবিবপুর | ১০১, ৪৯৫ | ১৩.৫৫ | -- | ০০ | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর ১৪.০৩.২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা মৎস্য সংরক্ষণ ও উন্নয়ন কমিটির সভার অনুচ্ছেদ নং ৩ এর সিদ্ধান্ত মতে ইজারা প্রদান কার্যক্রম বন্ধ আছে |
| ৯. | বড়গাংগিনা (বারকান্দি) | বরুনা হাজীপুর | ২৩৩৫,২৫, ২৬, ২৭, ৩৭০ | ১৫.৩৭ | -- | ০০ | |
| ১০. | দিঘলিয়া বিল | শহিদপুর-৪৩ | ১০০৫/১১৫৭ | ৩.০৩ | ২০১২.০০ | ২১১৩.০০ | -- |
| ১১. | ভাটিদাড়ের খেও | শহরশ্রী | ১১৮১,১১৮২,১১৮৩, ১৩৪৫,১৩১৮,১৩৩৬ | ৪.০২ | ১৩৪১.০০ | ১৪০৮.০০ | -- |
| ১২. | টিপরাখালের উত্তরের খেও | দক্ষিণ পাচাউন | ২৭৭৭, ২৭৮১ | ২.১৫ | ১,০৪২.০০ | ১০৯৪.০০ | -- |
| ১৩. | ছোট আন্দা বিল | হাজীপুর | ৪৬৭২ | ২.৩৯ | ১,২৮২.০০ | ১৩৪৬.০০ | |
| ১৪. | আশিদ্রোন জল্লার পাড়ের খেও | আশিদ্রোন | ১৩৫ | ৩.২১ | ৭৬৪৬.০০ | ৮০২৮.০০ | |
| ১৫. | ধলি দুছরা বাদালি বিল | হাজীপুর | ৬২৯ | ৮.৭৩ | ২২৩৩.০০ | ২৩৪৫.০০ | |
| ১৬. | লইতা মেট্রো ও কানকাটা বিল (বাঁধ) | শাসন | ২৬৫৯ | ৭.১৫ | ১১১২৩.০০ | ১১৬৭৯.০০ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | কালুনি বিল (বাঁধ) | বরুনা | ২২৫৩ | ৪.৩২ | ২৫৬৮.০০ | ২৬৯৬.০০ | |
| ১৮. | চন্ডিডোর জলকর | হবিবপুর | ৪৮৬ | ১২.৪৭ | ৯২৬১.০০ | ৯৭২৪.০০ | |
| ১৯. | গরুরদাড়া (বাধ) | ভুনবীর | ৩৩৮৫ | ৩.৫৬ | ৫৪৬৪০.০০ | ৫৭৩৭২.০০ | |

: বন্দোবস্তযোগ্য পুকুরের তালিকা :

| ক্রম | জলমহালের নাম | মৌজা/ জেএল নং | দাগ নং | আয়তন (একর) | বিগত ৩ সনের গড় রাজস্ব | ৫% বর্ধিত হারে সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ভাড়াউড়া পুকুর-২ | ভাড়াউড়া | ২০০৯ | ০.৪৩ | ৬৩৮.০০ | ৬৭০.০০ | |
| ২. | হুগলিয়া পুকুর | হুগলিয়া | ১০১ | ০.১৩ | ৬৯৬.০০ | ৭৩১.০০ | |
| ৩. | খোয়াজপুর পুকুর | খোয়াজপুর | ৪৫৭ | ০.২২ | ৬৬৬.০০ | ৬৯৯.০০ | |
| ৪. | বরুনা পুকুর-০১ | বরুনা | ৪৬০০ | ১.০৪ | ১৮২৪.০০ | ১৯১৫.০০ | |
| ৫. | বরুনা পুকুর-০২ | বরুণা | ৩৭৫৩ | ০.৪২ | ৫১১.০০ | ৫৩৭.০০ | |
| ৬. | বরুনা পুকুর-৩ | বরুণা | ৪৫৮০ | ০.৬৩ | ১২৮৬.০০ | ১৩৫০.০০ | |
| ৭. | বনগাঁও পুকুর | বনগাঁও | ২৩৯ | ১.৪৫ | ৮১১.০০ | ৮৫২.০০ | ব্য:মা: ডিক্রিপ্রাপ্ত |
| ৮. | বীরেন্দ্রগঞ্জ বাজার পুকুর | মাধবপাশা | ৪৩৬/৭৯ | ০.৬৮ | ৮৭৮১.০০ | ৯২২০.০০ | |
| ৯. | জিলাদপুর পুকুর | জিলাদপুর | ৪০২ | ০.৫১ | ১৮২৪.০০ | ১৯১৫.০০ | |
| ১০. | রামনগর পুকুর | রামনগর | ১৩৪৫ | ১.০৭ | ৪০২২.০০ | ৪২২৩.০০ | |
| ১১. | ভূনবীর পুকুর-১ | ভুনবীর | ২২৮৬ | ০.৯২ | ১৫৩১৮.০০ | ১৬০৮৪.০০ | |
| ১২. | ভূনবীর পুকুর-২ | ভুনবীর | ১১০৪ | ০.৩৬ | ৬৪৩৫.০০ | ৬৭৫৭.০০ | |
| ১৩. | টিকরিয়া পুকুর-৩ | টিকরিয়া | ৪৭৬০ | ০.৩৭ | ৫৩৬১.০০ | ৫৬২৯.০০ | |
| ১৪. | ভীমসী পুকুর-০১ | ভীমসী | ৪৮৮ | ০.৪১ | ২৫৫৩.০০ | ২৬৮১.০০ | |

**বন্দোবস্ত প্রদানের শর্তাবলী**

১. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারার জন্য সাধারণ ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন ফরম ক্রয় ও দাখিলের শেষ সময়সীমা ০৭.০৪.২০২৬ খ্রি. হতে ২৫.০৫.২০২৬খ্রি. (২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ হতে ১০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ) পর্যন্ত অফিস চলাকালীন সময়।

২. আবেদনপত্রের মূলকপি অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূল কপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীমঙ্গল-এ দাখিল করতে হবে।

৩. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে উল্লেখিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল এর অনুকূলে ৫০০/- টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল সাপেক্ষে আবেদন করে পূরনকৃত আবেদন ফরমটি স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূলকপি ৫০০/- টাকার জমা রশিদসহ অন্যান্য প্রিন্টেড কপির সাথে পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৪. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি (সমবায়/সমাজসেবা কর্তৃক নিবন্ধিত) জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবি নন এমন কোন সদস্য থাকেন তা হলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৫. জলমহালের আশে পাশে কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহালের চার পাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) সমন্বয়ে গঠিত সমিতি (যাহা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত) বিধি মোতাবেক আবেদনের যোগ্য হবেন।

৬. কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

৭. জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

৮. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ০২ বৎসরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৯. আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় তাদের সদস্যগণের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১০. আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধ খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

১১. বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের জন্য দাখিলকৃত ইজারা মূল্যের ২০% ব্যাংক পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে। পূর্ববতী ৩ বৎসরের সর্বোচ্চ ইজারা মূল্যের ৫% বর্ধিত হারে আবেদনপত্র দাখিল করতে হবে।

১২. কোন নির্দিষ্ট জলমহালের বিপরীতে এক বা একাধিক সমিতি/সংগঠন আবেদন করলে এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্তের আলোকে উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আলাপ আলোচনার মাধ্যমে একটি নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল ইজারা/ বন্দোবস্ত প্রদান করা হবে।

১৩. সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারনে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারকে অবগতির জন্য পেশ করবেন, যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরেজমিনে পরিদর্শন/যাচাই করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তা হলে উক্ত লীজ বাতিল করা হবে। জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

(ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠনকে ১ম বছরের সমুদয় রাজস্ব ও অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সমুদয় ইজারা মূল্য সরকারের ১৪১৫২০২-জলমহাল ও পুকুর ইজারা অনলাইন চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে পুনরায় আবেদন আহ্বান করা হবে। নীতিমালা অনুসারে প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% হারে ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

(খ) ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ও আয়কর, ভ্যাটসহ ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য একই ভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতিত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৬. (ক) ইজারা/বন্দোবস্ত বাতিলকৃত জলমহাল/জলাশয় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বিধি মোতাবেক পুনঃ ইজারার ব্যবস্থা করবেন।
(খ) ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে।

১৭. ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ত্ব থাকবে না এবং উক্ত জলমহালের

১৮. সকল অধিকার,স্বত্ত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

১৯. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

২০. সরকার নির্ধারিত ইজারা মূল্য অপেক্ষা কম মূল্যে কোন জলমহাল ইজারা দেওয়া হবে না।

২১. জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারী খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

২২. কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।

২৩. কোন জলমহালের বিষয়ে মহামান্য হাইকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি মন্ত্রণালয়/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে।

২৪. জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২৫. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২৬. বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৭. যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখানে থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে।

২৮. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদার ইজারাকৃত জলমহাল ব্যবস্থাপনার অধিকার কেবল ইজারাদারকৃত জলাশয়ে সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে। তখন ইজারাদার ইজারাকৃত জলমহাল ব্যবস্থাপনার অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকে।

২৯. ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ অথবা অননুমোদিত বিদেশী প্রজাতির মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহীতা সরকারী জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

৩০. জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছের সৃষ্টি করতে হবে, যা মাছের নিরাপদ আশ্রয়ভূমি হিসেবে গণ্য হবে।

৩১. সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের বনজ সম্পদ বৃদ্ধির জন্য ইজারা গ্রহীতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

৩২. বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

৩৩. ইজারা বন্দোবস্ত প্রদানের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি'র সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ ও বাতিলের সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মো: ইসলাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ফোন : ০২৯৯৬৬-৮২৪৩৪

স্মারক নং : ০৫.৪৬.৫৮৮৩.০০০.০০৫.০২.০০০১.২৫.৩৪২

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২ / ০৬ এপ্রিল ২০২৬

অনুলিপি : সদয় অবগতির জন্য

১. জনাব মো: মুজিবুর রহমান চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪
২. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ এবং ২নং উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, শ্রীমঙ্গল।

অনুলিপি : অবগতি ও বহুল প্রচারের জন্য

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
২. সহকারী কমিশনার(ভূমি) (সকল), মৌলভীবাজার।
৩. উপজেলা ..........................................................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল।
৪. উপজেলা সমাজসেবা/সমবায় কর্মকর্তা, শ্রীমঙ্গল (তার অধীনস্থ সকল রেজিস্টার্ড মৎস্যজীবী সমবায় সমিতিসমূহের মধ্যে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা আইসিটি কর্মকর্তা, শ্রীমঙ্গল (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৬. সম্পাদক, দৈনিক/ সাপ্তাহিক--------------------------------------------বিজ্ঞপ্তিটি শর্তাবলী ব্যতীত স্বল্প পরিসরে .......... ২০২৬ তারিখের মধ্যে ভিতরের পাতায় ০১(এক) বার প্রকাশপূর্বক ২(দুই) প্রস্থ বিল ও পাঁচ কপি পত্রিকা এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৭. চেয়ারম্যান, ........................................................................ইউপি (সকল), শ্রীমঙ্গল।
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা শ্রীমঙ্গল সদর/ভূনবীর/লাহারপুর ইউনিয়ন ভূমি অফিস, শ্রীমঙ্গল।
৯. সভাপতি/ সম্পাদক, ........................সমবায় সমিতি লিঃ, গ্রাম :.................., ডাক :.................... উপজেলা : শ্রীমঙ্গল, জেলা: মৌলভীবাজার।
১০. জনাব/বেগম.........................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, শ্রীমঙ্গল।
১১. নোটিশ বোর্ড।

০৬/০৪/২৬

(মো: মহিবুল্লাহ আকন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ফোন : ০২৯৯৬৬-৮২৪৪৪